গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
স্থানীয় সরকার শাখা
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১২.৪৯.০২৭.২৬.১১১

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২ / ১৭ ফেব্রুয়ারি ২০২৬

## ১৪৩৩ বাংলা সনের জন্য ঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলার আন্তঃউপজেলায় অবস্থিত ঘাটসমূহ ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা পঞ্জিকায় বর্ণিত তারিখসমূহে সীল কোটেশনের মাধ্যমে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে সাদা কাগজে/নিজস্ব প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে দর উল্লেখপূর্বক মুখবন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে। প্রথম পর্যায়ে সিদ্ধান্তবিহীন ঘাটসমূহ পরবর্তীতে নিম্নবর্ণিত শর্তাধীনে পর্যায়ক্রমে পঞ্জিকায় উল্লিখিত তারিখ অনুযায়ী পরিচালিত হবে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয় ও অত্র জেলার ঘাট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র গ্রহণ বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে। ধার্য সময়ে দরপত্র দাখিলকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। বিস্তারিত শর্তাবলী জেলা প্রশাসক, পাবনা এর www.pabna.gov.bd ওয়েব সাইট এবং ঘাট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

### "ইজারা সংক্রান্ত দিনপঞ্জি"

| পর্যায় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম | ২০ ফাল্গুন, ১৪৩২; ০৫/০৩/২০২৬ সকাল ৯:৩০ টা হতে বেলা ০১:০০ টা | ২০ ফাল্গুন, ১৪৩২; ০৫/০৩/২০২৬ বিকাল ৩:০০ টা |
| ২য় | ০২ চৈত্র, ১৪৩২; ১৬/০৩/২০২৬ সকাল ৯:৩০ টা হতে বেলা ০১:০০ টা | ০২ চৈত্র, ১৪৩২; ১৬/০৩/২০২৬ বিকাল ৩:০০ টা |
| ৩য় | ১১ চৈত্র, ১৪৩২; ২৫/০৩/২০২৬ সকাল ৯:৩০ টা হতে বেলা ০১:০০ টা | ১১ চৈত্র, ১৪৩২; ২৫/০৩/২০২৬ বিকাল ৩:০০ টা |

### উপজেলাওয়ারী ঘাটসমূহের নাম ও সম্ভাব্য সরকারি দর

| উপজেলার নাম | ক্রমিক | ঘাটের নাম | ১৪৩৩ সালের জন্য সরকারি সম্ভাব্য দর |
|---|---|---|---|
| ঈশ্বরদী | ১. | বামন গাঁ নৌকা পারাপার ঘাট | ৭৩,৭০০.০০ |
| | ২. | সাড়া রানাখড়িয়া তড়িয়া মহাল ঘাট | ৩২,৭২,৫০০.০০ |
| চাটমোহর/ভাঙ্গুড়া | ৩. | অষ্টমনিষা নিমাইচড়া আন্তঃ থানা ফেরীঘাট | ৭,০৩,০১১.১১ |
| | ৪. | অষ্টমনিষা-বস্ত্রপুর আন্তঃ থানা খেয়াঘাট | ১,৪৩,০০১.১১ |
| বেড়া | ৫. | রাকশা পারাপার ঘাট | ৬১,০৫০.০০ |
| সুজানগর | ৬. | সাতবাড়ীয়া খেয়াঘাট | ১২,২৯,৫৫৪.৭০ |
| | ৭. | নাজিরগঞ্জ খেয়াঘাট | ২৮,১৬,০০০.০০ |

### শর্তাবলীঃ

০১. আগামী ১৮/০২/২০২৬ তারিখ হতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যে ইজারার দরপত্র সিডিউল স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এবং ঘাট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারেরর কার্যালয়ে ক্রয় করতে পারবে।

০২. প্রকৃত পাটনী/পেশাদার পাটনীদের অগ্রাধিকার থাকবে। দরপত্রের সঙ্গে পাটনী সনদপত্র দাখিল করতে হবে।

০৩. যে কোন পর্যায়ে দরপত্র গৃহীত হলে উক্ত ঘাটের দরপত্র কার্যক্রম পরবর্তী পর্যায়ে যথারীতি বাতিল বলে গণ্য হবে।

০৪. দরপত্রদাতাকে দরপত্রে উদ্ধৃত দরের শতকরা ২৫% টাকা জামানত হিসেবে দরপত্রের সঙ্গে অবশ্যই বিডি/সিডির মাধ্যমে জেলা প্রশাসক, পাবনা বরাবর জমা দিতে হবে।

০৫. ইজারামূল্যের ১৫% হারে মূল্য সংযোজন কর ও ১০% হারে আয়কর পরিশোধ করতে হবে। এছাড়া ইজারা গ্রহীতা সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আরোপিত কর পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৬. সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই সমুদয় অর্থ একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতস্বরূপ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে।

০৭. ইজারাকৃত ঘাট অন্যের নিকট হস্তান্তর (সাবলীজ) করা যাবে না। হস্তান্তর (সাবলীজ) করা হলে বন্দোবস্ত মেয়াদ শেষ হবার পূর্বেই ইজারা বাতিল করাসহ সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে তদুপরি ইজারাদার আইনতঃ দন্ডনীয় হবেন।

০৮. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত চুক্তি সরকারি আদেশের পরিপন্থী হলে ইজারা বাতিল অথবা পুনঃ ইজারা কার্যক্রম অনুষ্ঠানের ক্ষমতা ইজারাদাতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং ইজারা অনুমোদনের ৭(সাত) কার্যদিবসের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৯. নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্যসহ অন্যান্য সরকারি পাওনাদি পরিশোধে ব্যর্থ হলে ঘাটের ইজারা আপনা আপনি বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

১০. ঘাটে পর্যাপ্ত সংখ্যক খেয়া/নৌকা সরবরাহ করতে হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টোল রেটের অতিরিক্ত টোল আদায় করলে চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. দর দাখিলের পূর্বে অবশ্যই খেয়াঘাট সরেজমিনে দেখে নিতে হবে। দর দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১২. ইজারা মেয়াদ চলাকালে ঘাটের কোন সংস্কার/মেরামতের প্রয়োজন হলে দরদাতার নিজ খরচে সংস্কার/মেরামত করতে হবে।

১৩. উপরোল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালন করতে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বন্দোবস্ত বাতিলসহ সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

(চলমান পাতা-২)

১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল বা সরকারি স্বার্থে যে কোন শর্ত আরোপ বা ইজারা কার্যক্রম বন্ধ রাখার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭/০২/২৬

(ড. শাহেদ মোস্তফা)
জেলা প্রশাসক
ও
আহ্বায়ক
আন্তঃউপজেলা ঘাট ইজারা কমিটি, পাবনা
ফোন নং-০২-৫৮৮৮৪৫৪৯৯
Email:dcpabna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১২.৪৯.০২৭.২৬.১১২(২০)

তারিখ : ০৪ ফাল্গুন ১৪৩২
১৭ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
০৪. পুলিশ সুপার, পাবনা
০৫. সিভিল সার্জন, পাবনা
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ, পাবনা
০৭. জেলা রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, পাবনা
০৮. উপজেলা নির্বাহী অফিসার..........................(হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা নীতিমালা,২০০৩ অনুযায়ী সংশ্লিষ্টদের/স্থানে ব্যাপক প্রচার, ইজারা সংক্রান্ত দিনপঞ্জি মোতাবেক ধার্য তারিখে প্রাপ্ত দরপত্র প্রেরণ ও যথাসময়ে ইজারা কমিটির সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)
০৯. প্রশাসক................................ পৌরসভা,পাবনা
১০. সহকারী কমিশনার (ভূমি) ..........................., পাবনা (ব্যাপক প্রচারের জন্য তাঁর নোটিশ বোর্ডে টাঙানোর অনুরোধসহ)
১১. সহকারী পোস্টমাস্টার জেনারেল, পাবনা
১২. নেজারত ডেপুটি কালেক্টর, পাবনা
১৩. অফিসার ইনচার্জ,................থানা, পাবনা (বহুল প্রচারের জন্য তাঁর নোটিশ বোর্ডে টাঙানোর অনুরোধসহ)।
১৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, পাবনা (জেলা প্রশাসন, পাবনার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. চেয়ারম্যান/প্রশাসক (সংশ্লিষ্ট) ....................ইউনিয়ন পরিষদ, উপজেলা .......................পাবনা (ব্যাপক প্রচারের জন্য এবং ধার্য তারিখ ও সময়ে ইজারা কমিটির সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)
১৬. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, পাবনা (বহুল প্রচারের অনুরোধসহ)।
১৭. সম্পাদক, দৈনিক----------------------------- পাবনা, (পত্রিকার ভিতরের পাতায় ৪ কলামে ৮ ইঞ্চির মধ্যে প্রকাশের জন্য)।
১৮. জনাব..............................................................................................................., পাবনা
১৯. ....................................................................................................নোটিশ বোর্ড
২০. অফিস কপি।

১৭-০২-২৬

(মনিরুজ্জামান)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার
ও
সদস্য সচিব
আন্তঃউপজেলা ঘাট ইজারা কমিটি, পাবনা
ফোন নং-০২-৫৮৮৮৪৫৪৮৩ (অঃ)
Email:pabnaddlg@gmail.com